গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

## জাতীয় মহিলা সংস্থার এপিএ (APA) টিমের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মাকসুরা নূর, নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

সভার তারিখ : ৩১/০৩/২০২১ ইং ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : জাতীয় মহিলা সংস্থার ৫ম তলায় অবস্থিত সভাকক্ষ।

উপস্থিতি : ১। জি, এম, রফিকুল ইসলাম, পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

২। তাহমিনা সুলতানা, উপপরিচালক (প্রকল্প প্রণয়ন ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।

৩। জনাব তাহসিনা বেগম, উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।

৪। জনাব লায়লা আরজুমান বানু, সহ: পরি (চলতি দা:প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।

৫। জনাব মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।

জাতীয় মহিলা সংস্থার APA টিমের সভাপতি সংস্থার নির্বাহী পরিচালক জনাব মাকসুরা নূর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সংস্থার APA কর্মপরিকল্পনা ২০২০-২১ অর্থ বছরের মার্চ/২০২১ মাসের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন । সভাপতির অনুমতিক্রমে সংস্থার মূল্যায়ন কর্মকর্তা সভার আলোচ্যসূচি অনুযায়ী APA ভুক্ত সংস্থার প্রতিটি কার্যক্রম তুলে ধরেন এবং নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১.১। রাজস্ব বাজেটের আওতায় মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান । | সংস্থার রাজস্ব বাজেটের আওতায় মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের বিষয়ে মূল্যায়ন কর্মকর্তা জানান, ৪মাস মেয়াদী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের আওতায় ৬৪ জেলা, ৫০ উপজেলা এবং সংস্থার প্রদান কার্যালয়ের অধীন ৩টি ট্রেডে ২০২০-২১ অর্থ বছরে ১০,৪৭০ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়। কিন্তু কোভিড -১৯ এর কারণে প্রশিক্ষণ বন্ধ থাকায় ১ম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর/২০ পর্যন্ত) লক্ষ্য মাত্রা অর্জনে কোন অগ্রগতি হয়নি। কিন্তু নভেম্বর/২০২০ হতে প্রশিক্ষণ চালূ হওয়ায় ২য় প্রান্তিকে ৩৪৭৭ জনকে নিয়ে ৪মাস মেয়াদী প্রশিক্ষণ চলছে। কোভিড -১৯ এর কারণে প্রশিক্ষণ বন্ধ থাকায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করা সম্ভব হবে না মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও<br><br>সহকারী পরিচালক (প্রকল্প) |

| | | |
|---|---|---|
| ১.২। মনিটরিং/ই মনিটরিং | প্রশিক্ষণের মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্ব আলোপ করা হয়। | |
| ১.৩। জেলা পর্যায়ে (৬৪ জেলা) শিক্ষিত বেকার মহিলাদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদান। | জাতীয় মহিলা সংস্থার আওতায় জেলা পর্যায়ে (৬৪ জেলা) শিক্ষিত বেকার মহিলাদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ''জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪টি জেলা) চলমান রয়েছে। প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরে ৬৪০০ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়। কিন্তু কোভিড -১৯ এর কারণে প্রশিক্ষণ বন্ধ থাকায় ১ম ও ২য় প্রান্তিকে (জুলাই-ডিসেম্বর/২০ পর্যন্ত) লক্ষ্য মাত্রা অর্জনে কোন অগ্রগতি হয়নি। বাংলাদেশ কাগিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত এ প্রশিক্ষণটি জানুয়ারী/২১ হতে চালুর বিষয়ে নির্দেশনা পাওয়া গেছে। নির্দেশনা মোতাবেক ৩২০০ জন প্রশিক্ষণার্থীকে নিয়ে ৬ মাস মেয়াদী প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রশিক্ষণটি কোর্সটি জুন/২০২১ এ শেষ হবে।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। । | প্রকল্প পরিচালক<br><br>''জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪টি জেলা)। |
| ১.৪। মনিটরিং/ই মনিটরিং | প্রশিক্ষণের মনিটরিং জোরদার করার বিষয়ে গুরুত্ব আলোপ করা হয়। | |
| ১.৫। দরিদ্র, অসহায় মহিলাদের আত্নকর্মসংস্থানেরর জন্য ক্ষুদ্র ঋণ প্রদান। | জাতীয় মহিলা সংস্থার ৬৪ জেলা ও ৫০টি উপজেলায় দরিদ্র, অসহায় মহিলাদের আত্নকর্মসংস্থানেরর জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ কার্যক্রমের আওতায় ২০২০-২১ অর্থ বছরে ৩৫০০ জনকে ক্ষুদ্র ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়। ১ম ও ২য় প্রান্তিকে মোট ১৫০০ জনকে ঋণ প্রদান করা হয়েছে। আগামী জুন/২১ মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ প্রদান করা সম্ভব মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | সহকারী পরিচালক (অর্থ) |
| ১.৬। মনিটরিং/ই মনিটরিং | মনিটরিং/ই- মনিটরিং বাড়াতে হবে। | |
| ১.৭। শহরাঞ্চলে দরিদ্র মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও বাজার সুবিধা প্রদান। | জাতীয় মহিলা সংস্থা পরিচালিত নগরভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (৩য় পর্যায়) এর আওতায় শহরাঞ্চলে দরিদ্র মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের জন্য ১১২৫০ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। কোভিড -১৯ এর কারণে প্রশিক্ষণ বন্ধ থাকায় ১ম ত্রৈমাসিকে কোন অগ্রগতি হয়নি। ২য় ত্রৈমাসিকে ২৮১২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মার্চ/২০২১ মাসে ৯৩৮ জনকে নিয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলছে।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | প্রকল্প পরিচালক<br><br>নগরভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (৩য় পর্যায়) |
| ১.৮। মনিটরিং/ই-মনিটরিং | মনিটরিং/ই মনিটরিং বাড়াতে হবে। | |
| ১.৯। সাধারণ ও উদ্যোক্তা মহিলাদের দক্ষত উন্নয়ন প্রশিক্ষণ এবং বাজার সুবিধা প্রদান | জাতীয় মহিলা সংস্থা পরিচালিত অর্থনৈতিক ক্ষমতায়নের নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পটি গত জুন/২০২০ এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও কোভিড-১৯ এর কারণে প্রশিক্ষণ অসমাপ্ত থাকায় প্রকল্পটি ৬মাস বর্ধিত করে | |

| | | |
|---|---|---|
| | ডিসেম্বর/২০২০ পর্যন্ত বাস্তবায়ন করা হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৭০০ জন বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>সিদ্ধান্ত : প্রকল্পটি ডিসেম্বর ২০২০ এ শেষ হয়ে যাওয়ায় এর বিপরীতে ২০২০-২১ অর্থ বছরে কোন কার্যক্রম এপিএ ভুক্ত করা হয়নি। | |
| ১.১০। মনিটরিং/ই-মনিটরিং | প্রকল্পটি ডিসেম্‌বর ২০২০ এ শেষ হয়ে যাওয়ায় এর বিপরীতে কোন মনিটরিং/ই-মনিটরিং নেই। | |
| ১.১১। গ্রামীণ ও উপশহরাঞ্চলের মহিলাদের তথ্য প্রযুক্তি সেবা প্রদান | জাতীয় মহিলা সংস্থা পরিচালিত তথ্য আপা : ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) প্রকল্পটি গ্রামীণ ও উপশহরাঞ্চলের মহিলাদের তথ্য প্রযুক্তি সেবা প্রদানের জন্য ২০২০-২০২১ অর্থ বছরে ৪০ লক্ষ মহিলাকে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদানের জন্য কোভিট -১৯ এর তথ্য সেবায় কোন ব্যাঘাত হয়নি। মার্চ /২০২১ পর্যন্ত ৪,০৮,০০৫ জনকে উঠান বৈঠকের মাধ্যমে তথ্য সেবা প্রদান করা হয়েছে।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | প্রকল্প পরিচালক<br><br>আপা : ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) |
| ১.১২। মনিটরিং/ই-মনিটরিং | মনিটরিং/ই মনিটরিং বাড়াতে হবে। | |
| ১.১৩। দরিদ্র মহিলাদের স্বকর্ম সহায়ক ঋণ প্রদান | জাতীয় মহিলা সংস্থা পরিচালিত দরিদ্র মহিলাদের স্বকর্ম সহায়ক ঋণ প্রদানের জন্য ৬০ জনকে লক্ষ্যমাত্রা নির্ধারণ হয়। ডিসেম্বর/২০ পর্যন্ত ১০ জনকে ঋণ প্রদান করা হয়। মার্চ/২০২১ মাসে কোন ঋণ প্রদান করা হয়নি।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | পরিদর্শন কর্মকর্তা<br><br>জামস। |
| ১.১৪। মনিটরিং/ই-মনিটরিং | মনিটরিং/ই মনিটরিং বাড়াতে হবে। | |
| ১.১৫। সংস্থার কর্মকর্তা/কর্মচারী এবং স্টেকহোল্ডাদের অংশগ্রহণ বিষয় ভিত্তিক সভা/সেমিনার/কর্মশালা। | ২০-২১ অর্থ বছরের ৮টি সভা/সেমিনার/কর্মশালা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে গত ২০ ও ২১ ডিসেম্বর/২০ তারিখ ২টি প্রশিক্ষণ অনুষ্ঠান করা হয়েছে। মার্চ/২০২১ এর কোন সভা/সেমিনার কর্মশালা করা হয়নি।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | উপপরিচালক<br><br>(প্রকল্প ও প্রকাশনা) |
| ২.১) কর্মজীবি মহিলাদের হোস্টেল সুবিধা প্রদান | জাতীয় মহিলা সংস্থা পরিচালিত কর্মজীবি মহিলাদের হোস্টেলে ২০২টি সীট রয়েছে। এর মধ্যে মার্চ /২০ এ ১৮৬ জন বোর্ডার হোস্টেলে অবস্থান করছেন।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | হোস্টেল সুপার<br><br>জামস। |

| | | |
|---|---|---|
| ২.২) মনিটরিং/ই-মনিটরিং | মনিটরিং/ই মনিটরিং বাড়াতে হবে। | |
| ২.৩) গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার কর্মসূচি। | জাতীয় মহিলা সংস্থার অধীন গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার কর্মসূচির আওতায় ১৫টি সেন্টারের আওতায় ৪৫০ জন শিশুকে সেবা প্রদান করার লক্ষ্য মাত্রা রয়েছে। বর্তমানে ৪৫০ জন শিশুকেই সেবা প্রদান করা হচ্ছে।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | কর্মসূচি পরিচালক<br><br>গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার কর্মসূচি। |
| ২.৪) মনিটরিং/ই-মনিটরিং | মনিটরিং/ই মনিটরিং বাড়াতে হবে। | |
| ২.৫) সাধারণ কর্মজীবি মহিলাদের শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার পরিচালনা | জাতীয় মহিলা সংস্থার অধীন ৫০টি সীট বিশিষ্ট সাধারণ কর্মজীবি মহিলাদের শিশুদের জন্য একটি ডে-কেয়ার সেন্টার রয়েছে। কোভিড -১৯ এর কারণে এখনো ডে-কেয়ারে শিশু আসা শুরু হয়নি। মার্চ/২০২১ এ ৭ জন শিশু রয়েছে।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | ডে-কেয়ার ইনচার্জ। |
| ২.৬) মনিটরিং/ই-মনিটরিং | মনিটরিং/ই মনিটরিং বাড়াতে হবে। | |
| ৩.১) নারী নির্যাতন প্রতিরোধ সেলের মাধ্যমে সেবা প্রদান | জাতীয় মহিলা সংস্থার অধীন নারী নির্যাতন প্রতিরোধ সেলের মাধ্যমে২০২১ অর্থ বছরে ১৭০ জনকে সেবা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। মার্চ/২১ মাসে ১৪ জন মহিলাকে সেবা প্রদান করা হয়েছে।<br><br>সিদ্ধান্ত : লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | প্রকাশনা কর্মকর্তা, জামস। |
| ৩.২) যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ এবং নারী ও শিশু পাচাররোধকল্পে জেলা ও উপজেলা পর্যায়ে সচেতনতামূলক উঠান বৈঠক। | যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ এবং নারী ও শিশু পাচাররোধকল্পে জেলা ও উপজেলা পর্যায়ে ২০২০-২১ অর্থ বছরের ৯০০টি সচেতনতামূলক উঠান বৈঠক করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। মার্চ/২০২১ পর্যন্ত ৪২টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।<br><br>সিদ্ধান্ত : আগামী জুন/২১ এর মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ এবং নারী ও শিশু পাচাররোধকল্পে জেলা ও উপজেলা পর্যায়ে উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকাশনা কর্মকর্তা, জামস। |
| ৩.৩) মনিটরিং/ই-মনিটরিং | এ পর্যন্ত ২০টি হয়েছে। মনিটরিং/ই মনিটরিং আরো বাড়াতে হবে। | |

এছাড়াও APA এর অন্তর্ভূক্ত সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহের আওতায় ''দাপ্তরিক ক[illegible]ণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধির'' বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী তা সম্পাদনের বিষয়ে মতামত প্রদান করা হয়।

সিদ্ধান্ত : কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী তা সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০১/৩/২১

(মাকসুরা নূর, এন.ডি.সি)
নির্বাহী পরিচালক
জাতীয় মহিলা সংস্থা

স্মারক নং-৩২.০২.০০০০.২০৭.১৪.০১৩ (অংশ-৫) ৮০১ তাং- ০১/৩/২০২১ ইং

বিতরণ (প্রেয়োজনীয় কার্যার্থে) (জেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। পরিচালক, জাতীয় মহিলা সংস্থা ।
২। উপ-পরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
৩। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ ), জাতীয় মহিলা সংস্থা।
৪। সহকারী পরিচালক (প্রকল্প) , জাতীয় মহিলা সংস্থা।
৫। মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৬। প্রশিক্ষক (কম্পিউটার), জে.ভি.ম.ক.প্র.প্র.(৬৪ জেলা), সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।
(সংস্থার ওয়েব সাইটে আপলোডের অনুরোধ জানানো হলো)।

অনুলিপি :

১। পিএ টু নির্বাহী চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
২। অফিস কপি ।